# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
### প্রশাসন-১ শাখা
www.moefcc.gov.bd

স্মারক নম্বর-২২.০০.০০০০.০০০.০৫১.১১.০০০৫.২৫.৪৫৭ তারিখ: ২০ কার্তিক ১৪৩২ / ০৫ নভেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে প্রত্যেক পদের পার্শ্বে উল্লিখিত শর্ত সাপেক্ষে অনলাইনে **http://moefcc.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৩)<br>বেতন স্কেল: ১১,০০০/- ২৬,৫৯০/- | ৭ (সাত) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>(ঘ) সাঁটলিপি-তে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ ও ইংরেজি-৭০ শব্দ থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ ও ইংরেজি-৩০ শব্দ থাকতে হবে। |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতন স্কেল: ৯,৩০০ - ২২,৪৯০/- | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ, ইংরেজি-২০ শব্দ থাকতে হবে |
| ৩. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতন স্কেল: ৮,২৫০ - ২০,০১০/- | ০৮ (আট) টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

০২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী আবশ্যিকভাবে অনুসরণীয়:

(ক) সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই আবেদন শুরুর তারিখে বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে।

(খ) বর্ণিত ছকের ১ ও ২ নং ক্রমিকে উল্লিখিত পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি গ্রহণ সাপেক্ষে আবেদন করতে হবে।

০৩। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। অন্যথায় চাকুরির জন্য নির্বাচিত হলে চাকুরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকুরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে না।

০৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে বর্ণিত ছকের ০১ ও ০২ নং ক্রমিকের পদসমূহের জন্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন এবং লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৫। সকল পদের পরীক্ষা একই তারিখে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা থাকায় আবেদনকারীকে একাধিক পদে আবেদন না করার জন্য পরামর্শ দেওয়া হলো।

০৬। নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, সংশোধন/বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন এবং নিয়োগ সংশ্লিষ্ট বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির একটি করে সত্যায়িত কপি দাখিল করতে হবে:

(ক) (i) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/প্রত্যয়ন/অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

(ii) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy) এবং সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি;

(iii) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ডের বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ক্যান্টনমেন্ট বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(iv) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত অনুলিপি;

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(vi) কোটায় আবেদনকারী প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

(vii) বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি দাখিল করতে হবে।

(খ) উক্ত তথ্যসমূহের ভিত্তিতে প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

(গ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ঘ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে "বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ২০২০)" অনুসরণ করা হবে।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(চ) যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং তাঁর উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

০৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://moefcc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০/১১/২০২৫ তারিখ সকাল-১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/১১/২০২৫ তারিখ বিকাল-৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে ১-২ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকা অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন এবং ৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকা অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: MOEFCC**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **MOEFCC ABCDEF**
Reply Applicant's Name, TK.112/56 will be charged as application fee. Your PIN is xxxxxxx.
To Pay fee Type **MOEFCC**<Space>**YES**<Space>**PIN** and send to 16222

**দ্বিতীয় SMS: MOEFCC**<Space>**YES**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: **MOEFCC YES xxxxxxx**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for **MOEFCC**.
Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://moefcc.teletalk.com.bd ওয়েবসাইটে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **MOEFCC**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: **MOEFCC Help User ABCDEF** & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে: **MOEFCC**<space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **MOEFCC Help PIN 12345** & Send to 16222.

(ঝ) বিবিধ:

(i) পত্রিকা ছাড়াও পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর নিজস্ব ওয়েবসাইটে www.moefcc.gov.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে সরাসরি https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ii) নিয়োগ ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর নিজস্ব ওয়েবসাইটে www.moefcc.gov.bd এবং https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে নিয়মিত ভিজিট করতে হবে।

(iii) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে ফোন করে তথ্য জানা যেতে পারে অথবা alljobs.query@teletalk.com.bd, admin1@moefcc.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে। (Mail এর Subject-এ Organization Name: **MOEFCC**, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(iv) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৯। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

***** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

০৫.১১.২০২৫
(মিল্টন চন্দ্র রায়)
সিনিয়র সহকারী সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান কমিটি